


বেসরকারী মেডিকেল কলেজের মান সংরক্ষণে বিধিমালা করার উদ্যোগ

স্টাফ রিপোর্টার : বাহ্য ও পরিবার কল্যাণ এবং
 কন্যা ও দুর্ভাগ্য ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের উপদেষ্টা
 ড. এ এম এম শওকত আলী বলেছেন,
 বেসরকারী মেডিকেল কলেজগুলোর মান
 সংরক্ষণের জন্য এ বিষয়ক বিধিমালা তৈরি
 পর্যালোচনা করে বিধিমালায় পরিণত করার
 উদ্যোগ নেয়া হয়েছে। স্বাস্থ্য উপদেষ্টা গভর্নর
 (বৃহস্পতিবার) ঢাকা মেডিকেল কলেজের ৬২তম
 প্রতিষ্ঠাবার্ষিকী ও ডিএমসি'তে ২০০৮ উপলক্ষে
 কলেজের শহীদ ডা: মিলন হলে আয়োজিত এক
 আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে
 একথা বলেন। উপদেষ্টা বলেন, মেডিকেল ও
 ডেন্টাল কলেজগুলোর বিভিন্ন বিষয় নিয়ন্ত্রণকারী
 প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ মেডিকেল অ্যান্ড
 ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি)-কে শক্তিশালী
 করতে হবে। আর এ উদ্দেশ্যে সর্বোচ্চ প্রয়োজন
 একে রাজনৈতিক প্রভাবমুক্ত রাখা। শীর্ষদিন
 স্থবির হয়ে থাকা বিএমডিসিকে সক্রিয় করার
 জন্য বিএমডিসি আইনকে সংশোধন করে
 কাউন্সিল পুনর্গঠনের কাজ শুরু করা হয়েছে বলে
 তিনি জানান। তিনি জানান, ঢাকা মেডিকেল
 কলেজ হাসপাতাল চত্বরে বহুতল ভবন নির্মাণের
 জন্য ছাত্রাশ্রম কোটি তেরাশ্রম লাখ টাকা ব্যয়ে
 একটি প্রকল্প নেয়া হয়েছে, যাতে হাসপাতালের



ইনকিলাব : ডিএমসি'তে উপলক্ষে ঢাকা মেডিকেল কলেজ আলোচনা সভার আয়োজন করে

সম্মত সংখ্যা আরো ৬শ'টি বাড়বে। এছাড়া
 কলেজের শিক্ষাক্রম সূচুভাবে পরিচালার লক্ষ্যে
 এক্ষণি কোটি আটশ্রম লাখ টাকা ব্যয়ে দশ
 তলাবিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ প্রকল্প গ্রহণ
 করা হয়েছে। ঢাকা মেডিকেল কলেজ এলামিনাই
 ট্রাস্টের সভাপতি অধ্যাপক মির্জা মাজহারুল
 ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে

বক্তব্য রাখেন বাহ্য ও পরিবার কল্যাণ সচিব এ
 কে এম জাফর উল্লাহ খান, বাহ্য অধিদপ্তরের
 মহাপরিচালক অধ্যাপক ডা: এন এ ফারুক,
 ঢাকা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর
 কাজী দীন মোহাম্মদ এবং ঢাকা মেডিকেল কলেজ
 হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল
 আব্দুল শহীদ খান।